52

দৈনিক ইনকিলাব

তারিখ ... 16 JUL 1998 ... ...
পৃষ্ঠা: ১০ কলাম ২ ......

# বরগুনা জেলায় প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক সঙ্কটে লেখাপড়া চরম বিঘ্নিত

বরগুনা থেকে জেলা সংবাদদাতা ঃ বরগুনা জেলার সরকারী প্রাথমিক বিদ্যালয়গুলোতে শিক্ষক সঙ্কট থাকায় পড়ালেখা মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। জেলার ৫টি থানার সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ২৬ জন প্রধান শিক্ষক ও ১শ' ২ জন সহকারী শিক্ষকের পদ দীর্ঘদিন যাবত শূন্য রয়েছে। বরগুনা সদর থানায় প্রধান শিক্ষকের ১২টি, সহকারী শিক্ষকের ২৭টি, আমতলী থানায় প্রধান শিক্ষকের ৪টি ও সহকারী শিক্ষকের ২০টি, বেতাগী থানায় প্রধান শিক্ষকের ৬টি, সহকারী শিক্ষকের ২৪টি; পাথরঘাটা থানায় প্রধান শিক্ষকের ২টি, সহকারী শিক্ষকের ২৩টি; বামনা থানায় প্রধান শিক্ষকের ২টি ও সহকারী শিক্ষকের ৮টি পদ দীর্ঘ দিন যাবত শূন্য রয়েছে। অনেক বিদ্যালয়ে নিয়মিত একজনের বেশী শিক্ষক নেই। শিক্ষক স্বল্পতার কারণে বরগুনায় প্রাথমিক শিক্ষা মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে।